

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং- খুপ্রবি/


তাং-

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০/১০/২০১৭ইং তারিখ রোজ শুক্রবার সকাল ৯-৩০ ঘটিকা হতে দুপুর ১২-০০ ঘটিকা পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ঐ দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরীক্ষার্থী ছাড়া সকাল ৮-০০ ঘটিকা হতে দুপুর ১২-৩০ ঘটিকা পর্যন্ত অন্য কোন বহিরাগত ব্যক্তিকে এবং কোন প্রকার যানবাহন প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীগণ মেইন গেটে তাদের ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র দেখিয়ে ভিতরে প্রবেশ করতে পারবে কিন্তু অভিভাবকগণ প্রবেশ করতে পারবেন না। এতদব্যতীত ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে সকল অধ্যয়নরত ছাত্রদের সকাল ৮-৩০টা হতে দুপুর ১-০০টা পর্যন্ত হলসমূহের, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার কাম সেন্ট্রাল ক্যাফেটেরিয়া ও অডিটোরিয়ামের সম্মুখের রাস্তা ও রাস্তার উত্তর পার্শ্বে না আসার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে এবং কোন ছাত্র-ছাত্রীর নিকট আত্মীয় পূর্ব থেকেই ক্যাম্পাসের আবাসিক হলসমূহে অবস্থান/রাত্রি যাপন করলে পরীক্ষা চলাকালীন সময়ে ক্যাম্পাসে ঘোরাফেরা না করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

  
১৬/১০/১৭  
(জি, এম, শহিদুল আলম)  
রেজিস্ট্রার


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- খুপ্রবি/ ৯২৬/১০

তাং- ১৬/১০/১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। সভাপতি, ভর্তি কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সভাপতি, তথ্য ও অনুসন্ধান কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সভাপতি, নিরাপত্তা কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। ভিসি মহোদয়ের একান্ত সচিব, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। পাবলিক রিলেশনস্ অফিসার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৩। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৪। সংরক্ষণ নথি।

  
১৬/১০/১৭  
(সিকদার নূর ইসলাম)  
সহকারী রেজিস্ট্রার